

মুখবন্ধ

১৯৭২ সালের ২৬ মার্চ বাংলাদেশ শিল্প প্রতিষ্ঠান (রাষ্ট্রীয়করণ) আদেশের ১০ নং অনুচ্ছেদের আওতায় (১৯৭২ সালের রাষ্ট্রপতি অধ্যাদেশ নং-২৭) বাংলাদেশ টেক্সটাইল মিলস করপোরেশন (বিটিএমসি) প্রতিষ্ঠিত হয়। ১৯৭২ সালের ১লা জুলাই হতে জাতীয়করণকৃত ৭৪টি মিল নিয়ে বিটিএমসি আনুষ্ঠানিক কার্যক্রম শুরু করে এবং পরবর্তীতে বিটিএমসি আরও ১২টি মিল স্থাপন করে। সরকারের বিরাস্ট্রীয়করণ ও বেসরকারীকরণ নীতির আওতায় ১৯৭৭ হতে ২০১০ সালের মধ্যে ৫৮টি মিল হস্তান্তর, বিক্রি ও অবসায়ন করা হয়। প্রতিষ্ঠা লগ্ন হতে নব্বই দশক পর্যন্ত বিটিএমসি'র মিলগুলোর উৎপাদিত পণ্য বাংলাদেশের দেশীয় চাহিদার সিংহভাগ যোগান দিয়েছে।

বর্তমানে বিটিএমসি'র নিয়ন্ত্রনে ২৫টি টেক্সটাইল মিল আছে, যার মধ্যে ৫টি মিল ভাড়ায় পরিচালিত হচ্ছে। ২৫টি মিলের মধ্যে ১৬টি মিল পাবলিক প্রাইভেট পার্টনারশীপ (পিপিপি)'র আওতায় পর্যায়ক্রমে চালুকরণের লক্ষ্যে কার্যক্রম গ্রহণের জন্য CCEA (Cabinet Committee on Economic Affairs) কর্তৃক নীতিগত অনুমোদন প্রদান করা হয়েছে। তন্মধ্যে প্রথম পর্যায়ে ২টি মিল (আহমেদ বাওয়ানী টেক্সটাইল মিলস এবং কাদেদরিয়া টেক্সটাইল মিলস) আন্তর্জাতিক দরপত্র আহবানের দ্বারা চূড়ান্তভাবে নির্বাচিত প্রাইভেট পার্টনারকে হস্তান্তর করার বিষয়ে পুনরায় সিসিইএ'র অনুমোদন নেয়া হয়। আহমেদ বাওয়ানী টেক্সটাইল মিলের নির্বাচিত প্রাইভেট পার্টনার (তানজিনা ফ্যাশন লিঃ) এর সাথে ২৫-০৬-২০১৯খ্রিঃ তারিখে এবং কাদেদরিয়া টেক্সটাইল মিলের নির্বাচিত প্রাইভেট পার্টনার (অরিয়ন কনসোর্টিয়াম)-এর সাথে ২১-০৭-২০১৯খ্রিঃ তারিখে আনুষ্ঠানিকভাবে চুক্তি সম্পাদিত হয়েছে। মিল দুটি দ্রুত হস্তান্তর কার্যক্রম প্রক্রিয়াধীন। পিপিপি'র মাধ্যমে অবশিষ্ট ১৪টি মিলের মধ্যে দ্বিতীয় পর্যায়ে রয়েছে ৪টি মিল যথা- (১) আর, আর, টেক্সটাইল মিলস, সীতাকুণ্ড, চট্টগ্রাম, (২) দোস্ত টেক্সটাইল মিলস, ফেণী, (৩) মাগুরা টেক্সটাইল মিলস, মাগুরা ও (৪) রাজশাহী টেক্সটাইল মিলস, রাজশাহী। এ বছর উল্লেখিত ৪টি মিলের আন্তর্জাতিক দরপত্র আহবানের কার্যক্রম দ্রুত গতিতে এগিয়ে যাচ্ছে। দেশের বিপুল পরিমাণ চাহিদা পূরণের লক্ষ্যে এবং টেক্সটাইল সম্পর্কিত শিল্প প্রসারের উদ্দেশ্যে মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদনক্রমে নারায়নগঞ্জে চিত্তরঞ্জন টেক্সটাইল পল্লী স্থাপনের কার্যক্রম অব্যাহত আছে। খুলনা টেক্সটাইল মিলে টেক্সটাইল পল্লী স্থাপনের অনুমোদন পরিবর্তন পূর্বক জমির অবস্থান অনুসারে পিপিপি'র আওতায় ফুডকোর্টসহ থিমপার্ক, হাসপাতাল, এমিউজমেন্ট পার্ক, রিসোর্ট নির্মাণের অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে পুনঃপ্রস্তাবনা প্রেরণ করা হয়েছে। এছাড়াও টাঙ্গাইল কটন মিলটি পিপিপি'র আওতায় পরিচালনার নিমিত্তে আন্তর্জাতিক দরপত্র আহবান করা হলেও মামলা জনিত কারণে কার্যক্রম সাময়িকভাবে স্থগিত রয়েছে।

বর্তমান সরকারের রূপকল্প ২০২১ বাস্তবায়ন ও বাংলাদেশকে মধ্যম আয়ের দেশে রূপান্তরের নিমিত্তে স্থানীয় ও বিদেশী বিনিয়োগকারীদের অংশগ্রহণে প্রকল্প ও পাবলিক প্রাইভেট পার্টনারশীপ (পিপিপি) প্রকল্পের মাধ্যমে আধুনিক স্পিনিং, উইভিং, ডাইং, ফিনিশিং, কম্প্যাজিট টেক্সটাইল এবং টেক্সটাইল এক্সেসরিজ শিল্প প্রতিষ্ঠান স্থাপনের জন্য বিটিএমসি বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে। বাজারের চাহিদানুযায়ী আগ্রহী স্থানীয় ও বিদেশী বিনিয়োগকারীগণ প্রস্তাবসহ আন্তরিকভাবে আমন্ত্রিত।

বিটিএমসি'র ২০১৯-২০ অর্থবছরের সম্পাদিত কার্যাবলী নিয়ে এ প্রতিবেদনটি প্রস্তুত করা হয়েছে। প্রকাশিত তথ্যাবলী বিটিএমসি'র স্টেকহোল্ডারদের জন্য সহায়ক হবে এবং করপোরেশনের কার্যক্রম ও অগ্রযাত্রা সম্পর্কে সুস্পষ্ট ধারণা দিবে। বিটিএমসি'র বার্ষিক প্রতিবেদন ২০১৯-২০ প্রণয়নে সংশ্লিষ্ট কমিটির সদস্যদের আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি এবং বিটিএমসি'র সার্বিক সফলতা কামনা করছি।